

## টাওয়ারগ্যানিক্স: চাষ করার মজার ও সহজ উপায়\*

ভূমিকা: নিচের উদ্দীপকটি পড়ে অংশগ্রহণকারীরা উল্লম্ব চাষ সম্পর্কে অনেক কিছু শিখতে পারবে। আর পড়া শেষে তারা উদ্দীপকের পরে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দিতে সক্ষম হবে।

### জলবায়ু পরিবর্তন- সংক্রান্ত কার্যক্রম

#### সময়

৩০ মিনিট

#### জটিলতা

মাঝারি

#### সরঞ্জাম

কলম, কাগজ, রং  
(ঐচ্ছিক)

\*এই কার্যক্রমটি  
লিমিটলেস প্রজেক্টের  
টাওয়ারগ্যানিক্সের সাথে  
যুক্ত ধারাবাহিক শিক্ষার  
পরবর্তী অংশ হিসাবে তৈরি  
করা হয়েছে।

#### ধাপ ১

- এই পদক্ষেপগুলো শিক্ষক বা বয়স্ক কোনো ব্যক্তির তত্ত্বাবধানে অনুসরণ করা যেতে পারে:

#### ধাপ ২

- একটি কাগজে এই উদ্দীপক ও প্রশ্নগুলো প্রিন্ট করে নিয়ে শিক্ষার্থীদের সবার মাঝে বিলি করে দিন

#### ধাপ ৩

- নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করুন

#### ধাপ ৪

- পরীক্ষার সময় আলোচনার অনুমতি দেবেন না

#### ধাপ ৫

- পরীক্ষার সময় শেষে উত্তরপত্র ফেরত নিন

#### ধাপ ৬

- খাতাগুলোর মূল্যায়ন করুন এবং শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের তৈরি ছবি প্রদর্শন করুন



## টাওয়ারগ্যানিক্স: চাষ করার মজার ও সহজ উপায়\*

ভূমিকা: নিচের উদ্দীপকটি পড়ে অংশগ্রহণকারীরা উল্লম্ব চাষ সম্পর্কে অনেক কিছু শিখতে পারবে। আর পড়া শেষে তারা উদ্দীপকের পরে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দিতে সক্ষম হবে।

### টাওয়ারগ্যানিক্স: চাষ করার মজার ও সহজ উপায়

দক্ষিণ এশিয়ার একটি উন্নয়নশীল দেশ নেপালে আমদানিকৃত কীটনাশকের ৮৫%-এরও বেশি অংশের প্রস্তুতকারক উপাদান না জেনেই সেগুলোকে বারবার, বেপরোয়াভাবে শাকসবজির ওপর ব্যবহার করা হয়। (Sharma et. al., 2015) শহরে বসবাসকারী মানুষজন শত শত কিলোমিটার দূর থেকে আনা বাসি এবং রাসায়নিক পদার্থে ভরা শাকসবজি খেতে বাধ্য হয়।

বাড়ির খালি জায়গাগুলোতে নিজের জন্য ভেষজ গাছ এবং শাকসবজি চাষ করার অর্থ হল নিজের পরিবারের জন্য তাজা, প্রাকৃতিক, স্বাস্থ্যকর এবং সাশ্রয়ী মূল্যের পণ্য পাওয়া। টাওয়ারগ্যানিক্স একবিংশ শতাব্দীর নির্ভরযোগ্য এমন একটি প্রযুক্তিনির্ভর উদ্ভাবন যা ব্যবহার করে মাটি ও কীটনাশক ছাড়াই এবং প্রচলিত চাষাবাদ পদ্ধতির তুলনায় ৯০% কম জল ব্যবহার করে মাটিতে চাষের তুলনায় ৩ গুণ দ্রুত সবজি উৎপাদন করা যায়। এই পদ্ধতি যে নীতির ভিত্তিতে চলে তার নাম অ্যারোপোনিক্স, যার অর্থ 'বাতাসে কাজ করা'। এতে গাছপালা ঝুলন্ত অবস্থায় থাকে আর একটি পাম্পের মাধ্যমে পানি ও সারকে ওপরের দিকে ছিটিয়ে গাছের ঝুলন্ত শিকড় ভিজিয়ে দেওয়া হয়। শহরের বাসিন্দারা এই পদ্ধতি ব্যবহার করে খুব সহজে সুইচ টিপে নিজে নিজেই প্রাকৃতিক ভেষজ গাছপালা ও শাকসবজি চাষ করতে পারবে। হ্যাঁ, আপনি ঠিকই পড়েছেন! শুধু সুইচ টিপে। কৃষিকে বরাবরই একটি শ্রমসাধ্য কাজ বলে গণ্য করা হয়েছে। একজন কৃষককে কল্লনা করতে বললে আপনি নিশ্চয়ই মাথায় গামছা বাঁধা, ফসলের চারা হাতে মাটিতে বসে কাজ করা কোনো লোকের কথা বা তেমন কোনো কিছুই মনে মনে ভাবেন। কিন্তু টাওয়ারগ্যানিক্সের বদৌলতে এখন আপনিও কৃষক বনে যেতে পারেন। আধুনিক কৃষক, এই আরকি!

### প্রশ্ন

- টাওয়ারগ্যানিক্স কোন নীতিতে কাজ করে?
- টাওয়ারগ্যানিক্স ব্যবহার করে কী কী চাষ করা যায়?
- মাটিতে চাষের তুলনায় টাওয়ারগ্যানিক্স ব্যবহার করে চাষ করার সুবিধা কী কী?
- কীটনাশক বলতে কী বোঝায়?
- টাওয়ারগ্যানিক্স পদ্ধতিতে আপনার পছন্দের শাকসবজি চাষের একটি ছবি পেঙ্গিলে এঁকে সেটির একটি ছবি তুলুন এবং towerorganics@gmail.com অ্যাড্রেসে ইমেইল করুন (আমরা আপনার ছবি দেখার জন্য অপেক্ষা করছি)

